বিরক্তিস্বরে শ্বেতাঙ্গিনী বলিলেন, “মধ্যে মধ্যে কি, রোজ রাত্রেই একবার যাওয়া চাই-ই। এক একদিন তার কাছেই পড়িয়া থাকে।”

যতীশ। এখন উপায় কি ?

শ্বেতাঙ্গিনী। ডাকিয়া ছেলে দাও।

যতীশ। পাঁচকড়ি বুঝি চণ্ডীমণ্ডপে শোয় ?

শ্বেতাঙ্গিনী। হ্যাঁ।

যতীশচন্দ্র তখন দরজা খুলিয়া বাহির হইলেন, এবং বহির্ব্বাটীতে যাইয়া পাঁচকড়িকে ডাক দিলেন। পাঁচকড়ি তখন গভীর নিদ্রায় অভিভূত ছিল, দাদার ডাক শুনিয়া উঠিয়া বসিল ; তার পর খোকার কান্নার কথা শুনিয়া চক্ষু কচলাইতে কচলাইতে দাদার পশ্চাৎ পশ্চাৎ বাড়ীর মধ্যে গমন করিল।

ছোট কাকাকে দেখিয়া শচীশচন্দ্রের কান্নার ধারে হাসি ফুটিল। ছুটিয়া তাহার গলা জড়াইয়া ধরিয়া, স্কন্ধের উপর মাথা গুঁজিল। পাঁচকড়ি তাহাকে লইয়া বহির্ব্বাটীতে গেল।

যতীশচন্দ্র শয্যার উপরে উঠিয়া বসিলেন। মৃদু হাসিয়া বলিলেন, “পাঁচকড়ি খোকাকে অত্যন্ত ভালবাসে।”

শ্বেতাঙ্গিনী। হ্যাঁ, তা বাসে।

যতীশ। এখন পাঁচকড়ির একটা বিবাহ না দিলে নয়। বয়স প্রায় আঠারো উনিশ হ’ল। শ্বেতাঙ্গিনী ব্যঙ্গ-স্বরে বলিলেন, “দাও।” তোমার টাকা আছে—ভাইয়ের বিবাহ দেবে, তা আর আমি কি বলব ?”

যতীশ। টাকা কি আর আছে—

শ্বেতাঙ্গিনী। তবে কর্জ্জ করিও।

যতীশ। অগত্যা তা’ই করতে হ’বে। বোধ হয় টাকা শো চারেকের গহনা হ’লেই হবে। আর যাহা পাওয়া যাইবে, তাহাতেই কোন রকমে কার্য্য নির্ব্বাহ করা যাইবে। যা’ না করলে নয়, তা’ ক’রতেই হবে।

যতীশচন্দ্র। না, কখনই ঋণ করিব না।

শ্বেতাঙ্গিনীর অধরে ঈষৎ হাসির রেখা ফুটিয়া উঠিল।

## তৃতীয় পরিচ্ছেদ

বাড়ার নিকটেই রেলওয়ে ষ্টেশন। বেলা আটটার সময় যতীশচন্দ্র আহারাদি সমাপ্ত করিয়া কার্য্যস্থলে যাইবার জন্য প্রস্তুত হইলেন। সঙ্গে এক কলসী গুড়, দুইটা কাঁটাল ও ব্যাগ যাইবে।

পাঁচকড়ির উপরে মুটিয়া ডাকিবার ভার ছিল, পাঁচকড়ি বলিয়াও আসিয়াছিল, কিন্তু গাড়ীর সময় হইয়া আসিল, তথাপি মুটিয়া আসিয়া পৌছিলনা—বোধ হয়, কোথাও অধিক লাভের প্রত্যাশায় গমন করিয়াছিল।

যতীশচন্দ্র পাঁচকড়িকে জিজ্ঞাসা করিলেন, "গাড়ীর ত আর সময় নাই—কৈ রে, মুটে কোথায় ?"

পাঁচকড়ি বলিল, "তা কি জানি। আমি ত বার বার করিয়া বলিয়া আসিয়াছি। বোধ হয় আসিবে এখন।"

যতীশচন্দ্র ব্যস্ত হইয়া পড়িলেন, বলিলেন "আর আসিবে কখন ? গাড়ী বোধ হয় ষ্টেশনে আসিল। ঐ যে শব্দ হইতেছে।"

পাঁচকড়ি। না, ওখানা মালগাড়ী।

শ্বেতাঙ্গিনী মুখভঙ্গি করিয়া বলিলেন, "যখন পরের কাজ করতে যেতেই হবে তখন নিজে গিয়ে একটা মুটে ডেকে আনিলেই হইত। সকল কাজেই পরের উপর নির্ভর করে থাকা।"

যতীশচন্দ্র গাড়ী পাইবেন না ভাবিয়া অধিকতর ব্যস্ত হইয়া পড়িয়াছিলেন। বিরক্তস্বরে বলিলেন, "তা কি জানি যে, অত বড় ছেলের দ্বারা একটা মুটে ডাকা হবে না। এখন আমি কি করি ; মহা মুস্কিল

দেখছি! আর কিছু না, জিনিসগুলা লওয়া হইল না। ম্যানেজার গুড়ের কথা বলেছেন; দিতে পারলে একটু সন্তুষ্ট থাকতেন।"

এই সময়ে তৃতীয় ভ্রাতা ক্ষিতীশচন্দ্র তথায় আসিয়া উপস্থিত হইলেন। তিনি সমস্ত কথা শুনিয়া, মৃদু হাসিয়া বলিলেন, "কে, পাঁচকড়ি মুটে ডেকে দিবে। কেন, আমাকে বললেই ত হত?"

পাঁচকড়ির বড় দুঃখ হইল। সে কোন্ কাজে অবহেলা করিয়াছে? মুটে যদি আসিল না, তবে সে কি করিবে। মুটে ত আর তাহাদের বেতন-ভোগী ভৃত্য নহে! দুঃখের সহিত যথোচিত অপ্রতিভও হইল। ক্ষুব্ধ সঙ্কুচিত স্বরে বলিল, "চলুন, গুড় আমি পঁহুছিয়ে দিয়ে আসছি।"

যতীশচন্দ্র ক্রুদ্ধস্বরে বলিলেন, "শুধু কি গুড়, তাই তুমি লইয়া যাইবে?"

পাঁচকড়ি। সেজদাদা, আপনিও চলুন। আমি গুড় ও একটা কাঁটাল লইতেছি। আপনি একটা কাঁটাল লউন, মেজদাদা ব্যাগটা হাতে করিয়া লউন।

যতীশচন্দ্র বলিলেন, "অগত্যা তাহাই হউক। গাড়ী আসিয়া পড়িল।"

পাঁচকড়ি গুড়ের কলসী বাম স্কন্ধে লইয়া কাঁটালের বোঁটা দক্ষিণ হস্তে করিয়া গমনোদ্যত হইয়াছে—এমন সময়ে শচীশচন্দ্র ছুটিয়া আসিয়া তাহাকে জড়াইয়া ধরিল। বলিল, "আমি যাব।"

তাহার ঠাকুর-মাতা আসিয়া তাহাকে টানিয়া লইলেন; কিন্তু সে চীৎকার করিয়া কাঁদিয়া মাটিতে গড়াইয়া পড়িল।

তখন পাঁচকড়ি হস্তের কাঁটাল মাটিতে নামাইয়া শচীশচন্দ্রকে দক্ষিণ ক্রোড়ে লইয়া, এবং মেজদাদাকে বলিল, "কাঁটালটা থাক, আপনি গাড়ীতে উঠিতে উঠিতে আমি দৌড়িয়া আসিয়া কাঁটাল লইয়া গাড়ীতে তুলিয়া দিব।"

ক্ষিতীশচন্দ্র একটু হাসিয়া সে কাঁটালটাও লইলেন। তার পর তিন ভ্রাতায় ষ্টেশনে গিয়া উপস্থিত হইলেন।

করিলেন। পাঁচকড়ি শচীকে লইয়া বহির্ব্বাটীতে গেল। সেখানে দানীশ যতীশ ও পাঁচকড়ি শচীকে লইয়া গল্প করিতে লাগিল।

## একাদশ পরিচ্ছেদ

ক্ষিতীশচন্দ্র বলিলেন, "যাই বল, তুমি নিতান্ত অবুঝ!"

সেজ-বউ। যাহার কপাল মন্দ, সে কিছুই বোঝে না। আমি কি করি?

ক্ষিতীশ। নিমন্ত্রণে সবাই গেল, তুমি গেলে না?

সেজ-বউ। আমি কি নিস্তারেরও অধম?

ক্ষিতীশ। সে কি ও কথা কেন?

সেজ-বউ। নিস্তারের এসেছে সুন্দর রেলপেড়ে শাড়ী, আর আমার একখানা রাঙাপেড়ে ছাই

ক্ষিতীশ। এই কথা? তার বিলাতী তোমার দেশী।

সেজ-বউ। আর মেজ-বউ ন-বউয়ের এক পাড়ের কাপড়—যেমন পাড়, তেমনি খোল।

ক্ষিতীশ। দাদা ঐ কাজটা ভুল ক'রেছেন। সেজ-বউ ন-বউয়ের এক জোড়া, আর মেজ-বউয়ের পৃথক একখানা আনিলেই ভাল করিতেন। যাক্, সে পাড়ের জন্যে আর কি হইল! কাপড় সব সমান।

সেজ-বউ। তা যেন হ'ল—আমার হাতে তিনটা ভাঙা চুড়ি, একবার কেহ চাহিয়াও দেখিল না। কিন্তু ন-বউর অমন চুড়ি ছিল, আবার একসুট চুড়ি আসিল।

ক্ষিতীশ। সে ত মেজ-দাদা আনেন নি, বড়-বউ দিয়াছেন।

সেজ-বউ। যেই দিক্—কেন দেয় তা জান?

ক্ষিতীশ। না।

প্রাণের মধ্যে একটী ক্ষীণ মিলন-আশা জাগাইয়া তুলিয়াছে—এমন আকুল বাসনা বুঝি বায়রণ, বর্ণস্ও জাগাইতে পারে না।।

যূথিকা। আমার কবিতা লেখা সার্থক হইল। আপনাকে অনেক কষ্ট দিয়াছি—আমি হীনা, দীনা রমণী। আপনার জন্য কি করিতে পারি? যদি অনুমতি করেন, যন্ত্রযোগে দুই একটি গান গাহিয়া আপনার কোমল চিত্ত অনুরঞ্জনের চেষ্টা করিতে পারি?

দানীশ। যদি দয়া হয় নিজ বাক্য পালন করুন।

যূথিকা হারমোনিয়ম বাহির করিয়া বেলো করিতে লাগিল। তার পরে হারমোনিয়মের সুরের সহিত নিজ মধুর কণ্ঠ মিলাইয়া গাহিল—

ওগো খুঁজেছি প্রণয়ে সারা বিশ্বমাঝে
 পাইনি কোথাও সাড়াটি তার।
খুঁজেছি বিষাদে বিরাগ-ভরে
খুঁজেছি প্রণয় নয়ন-জলে
খুঁজেছি হরষ মথিত-হৃদয়ে
 দেখিনি কোথায় বসিত তার।
প্রভাত-সমীরে সাঁঝের গগনে
তারার হাসিতে চাঁদের বয়ানে
হৃদয়ে বাহিরে নিখিল ভুবনে
 দেখিনি কেমন মূরতি তার।

অনেকক্ষণ পরে গান থামিল। কোমলকরধৃত সুবাস-ম্রক্ষিত চারু-রুমালে অনিন্দ্য-সুন্দর মুখমণ্ডল মুছিয়া রুমালখানি যথাস্থানে রক্ষা করিয়া যূথিকা বলিল, "আপনাকে কি বিরক্ত করিতেছি?"

দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিয়া দানীশ বলিলেন, "জীবনে এ আনন্দ এই প্রথম; ভরসা করি ইহাই শেষ হইবে না।"

সেজ-বউ। বলিতে পারে যার স্বামী মাসে দেড়শো টাকা রোজগার করে। যার অহঙ্কারে মাটীতে পা পড়ে না।

বড়-বউ। কি ব'লেছে ?

সেজ-বউ। ওগো কিছু বলেনি গো, কিছু বলেনি। সব দোষ আমার।

বড়-বউ। তবে অমন ক'রে ম'র্‌ছিস্ কেন ?

ক্ষিতীশ। কি হ'যেছে—ব'ল্‌তে বুঝি মুখে আট্‌কে গেল !

সেজ-বউ। হবে আবার কি, ন-লক্ষ্মীকে আমি কেবল জিজ্ঞাসা ক'রেছি, ন-ঠাকুরপোকে এত তাড়াতাড়ি কি লিখ্‌লি ? তারই উত্তরে ঠেকারী চোকখাগী কি না বলিল—সোণার কাস্তে আন্‌তে লিখিলাম। আমি জিজ্ঞাসা করিলাম, কি হবে ? মুখ ঘুরিয়ে উত্তর দিল—মাঠে ধান কাট্‌তে হবে, সরিষা কলাই কাট্‌তে হবে। আমি কি বুঝি না—কথাগুলি কাকে বলা হ'ল ?—আমার স্বামী মাঠে যায়, ধান কাটায়—ওগো আমার ইচ্ছা করে, গলায় দড়ি দিযে মরি।

ক্ষিতীশচন্দ্র অত্যন্ত রাগিয়া উঠিলেন। ক্রোধ-কম্পিতস্বরে বলিলেন, "এতদূর স্পর্দ্ধা ! ছোট মুখে বড় কথা ! আমি মাঠ-খাটি, তাই আমার জন্য সোণার কাস্তে পাঠাতে লিখ্‌লেন ! কথাগুলি শুনলে মড়ারও রাগ হয়। এই মাঠ-খাটার জন্যেই পেটে দিনান্তে একমুঠা 'ঘাসের বীজ' পড়ছে ! এখনও ত রোজগারের এক পয়সাও বাড়ী আসেনি।"

সেজ-বউ রোদন আরম্ভ করিলেন। উচ্চকণ্ঠে বলিলেন, "এ কি মাঠের ধান যে, সকলে দেখিবে। কাহার নামে কবে কোথা দিয়া টাকা আসিয়া বাক্সে ওঠে, কে তার সংবাদ রাখে। ওগো, আমার মরণ হ'লেই সকল জ্বালা জুড়াইয়া যায়। যম, তুমি আমায় ডেকে নাও। আর সহ্য করিতে পারি না।"

ক্ষিতীশচন্দ্র, বড়-বউকে বলিলেন, "শোন বড়-বউ, তুমি ন-ঠাকুরণকে

# অষ্টম পরিচ্ছেদ

সমস্ত মাঘ মাস বাড়ী থাকিয়া ফাল্গুন মাসের প্রথম সপ্তাহে যতীশচন্দ্র কর্ম্মস্থানে যাইবার উদ্যোগ করিলেন; যেদিন তিনি বাড়ী হইতে যাইবেন, তাহার পূর্ব্বদিবস যখন মাতা ও ক্ষিতীশকে ডাকিয়া সাংসারিক কার্য্যের বন্দোবস্ত করিতেছিলেন, সেই সময়ে ক্ষিতীশ বলিল, "লাঙল রাখিয়া আর কাজ নাই; আজ দুটো বৎসর গাধার খাটুনি খাটিলাম, কিন্তু ফল কিছুই হইল না। অনাবৃষ্টির জন্য সমস্তই লোকসান হইল।"

যতীশ। যদি লোকসান বিবেচনা কর, লাঙল তুলিযা দিয়া জমিগুলা ফসলী বন্দোবস্ত করিয়া দাও।

মা। ভিখু অনেকদিনকার পুরাণো চাকর, তাহাকে কি জবাব দিবে?

ক্ষিতীশ। লাঙল উঠিলে ভিখুকে আর রাখিয়া কি হইবে? একটা লোকের খোরাক-পোযাক ও মাহিনা দেওয়া, এখন আমাদের পক্ষে দুর্ঘট।

যতীশ। তুমি তবে এখন কি করিবে?

ক্ষিতীশ। বিদেশে যাইয়া চাকুরীর চেষ্টা দেখিব। আমার শাশুড়ী ওদের লইয়া যাইতে চাহিতেছেন, আপাততঃ সেখানেই যাক্।

যতীশ। কেন? তুমি যদি বিদেশে যাও, সেজ-বউমা বাপের বাড়ী কেন যাইবেন?

ক্ষিতীশ। বাড়ীর কাহারও সহিত যখন বনিবনাও হয় না, সে অবস্থায় এখানে থাকিবে কি প্রকারে?

যতীশ। সে কাহার দোষে ঘটে?

ক্ষিতীশ। যাহার দোষেই ঘটুক, ফল কথা আমাদের এখানে তিষ্ঠিবার আর উপায় নাই।

যতীশ। তুমি বাড়ী হইতে কবে যাইবে স্থির করিতেছ?

# তৃতীয় খণ্ড

## প্রথম পরিচ্ছেদ

রঘুনাথপুর ক্ষুদ্র পল্লী। সন্ধ্যার ধূসর ছায়ায় সমস্ত গ্রামখানি সমাচ্ছন্ন। একটী ছিন্ন ছত্র বগলে করিয়া, দক্ষিণহস্তে জুতাজোড়াটী লইয়া ক্ষিতীশচন্দ্র এই সময় হন্ হন্ করিয়া, রঘুনাথপুরে প্রবেশ করিলেন। তাঁহার মুখ শুষ্ক, সর্ব্বাঙ্গ স্বেদ-নীরসিক্ত এবং দেহ পরিশ্রম ক্লান্ত।

রঘুনাথপুরে ক্ষিতীশের শ্বশুরালয়। গ্রামের মাঝখানে কৃষ্ণদাস ঘোষের বাড়ী। স্ত্রী, দুইটী পুত্র ও তিনটী কন্যা রাখিয়া কৃষ্ণদাস অনেক দিন হইল ইহলীলা সংবরণ করিয়াছেন। কৃষ্ণদাসের কনিষ্ঠা কন্যার সহিত ক্ষিতীশের বিবাহ হইয়াছিল।

গ্রামের মধ্যে প্রবেশ করিতেই একজন পরিচিত কৃষকের সহিত ক্ষিতীশের সাক্ষাৎ হইল। সে তখন তাহার বলদ দুইটীকে চরাইয়া মাঠ হইতে ফিরিতেছিল। হর্ষোৎফুল্ল-স্বরে সে জিজ্ঞাসা করিল, "জামাইবাবু, কোথা থেকে গো? বাড়ীর সব ভাল ত?"

ক্ষিতীশচন্দ্র পরিশ্রমের তপ্তশ্বাস পরিত্যাগ করিয়া বলিলেন, "আমি বাড়ী হইতে আসিতেছি না। দুইমাস হইল বাড়ী-ছাড়া; অনেক স্থান ঘুরিয়াছি। ও-বাড়ীর সব ভাল ত?"

কৃষক। হ্যাঁ, সব ভাল। কেবল ছোট-মাঠাকুরুণের অসুখ শুনিয়াছি।

এই কৃষকের বাস ক্ষিতীশের শ্বশুরবাড়ীর পার্শ্বে। সে ক্ষিতীশের শ্বশুরকে দাদা বলিয়া, এবং তাঁহার কন্যাদিগকে মা-ঠাকুরুণ বলিয়া ডাকিত। ছোট মা-ঠাকুরুণ অর্থে ক্ষিতীশের স্ত্রী।

ক্ষিতীশের বক্ষঃস্থল কাঁপিয়া উঠিল। জিজ্ঞাসা করিল, "কি অসুখ?"

কৃষক। জ্বর। জ্বরটা একটু বাড়াবাড়িই হ'য়েছে।

ক্ষিতীশ। ক'দিন হয়েছে ?

কৃষক। বার চৌদ্দ দিন হবে। কালী-ডাক্তার দেখ্ছে। দুপুর-বেলা মাঠ থেকে গিয়ে শুন্‌ছিলাম, আজ একটু বেড়েছে! তা' ভয় নাই—সেরে যাবে।

গৃহে অগ্নি লাগিয়া ধূ ধূ শব্দে জ্বলিয়া উঠিয়াছে, গৃহমধ্যে সুপ্তোত্থিত ব্যক্তি তখন একদিকে অগ্নিদাহ অল্প দেখিয়া বাহির হইবে বলিয়া ছুটিতেছে, এমন সময় যদি সেদিকেও লহ-লহ অগ্নি-শিখা দেখা দেয়, তবে তাহার প্রাণে যে ভাব উপস্থিত হয়, ক্ষিতীশের প্রাণেও সেই ভাব সমুপস্থিত।

বাটী হইতে বাহির হইয়া দুই মাস কাল কত স্থানে ঘুরিয়াছে, কত জনের দুয়ারে দুয়ারে ফিরিয়াছে—কত লোককে তোষামোদ করিয়াছে, কিন্তু সামান্য একটু চাকুরীর সুবিধা কোথাও করিতে পারে নাই! মাসিক দশটী মুদ্রা বেতন দিয়াও কে হার জ্বলন্ত প্রাণে শান্তি ঢালিতে স্বীকৃত হয় নাই।

ক্ষিতীশ স্পন্দিতবক্ষে শুষ্কমুখে শ্বশুরবাড়ী উপস্থিত হইলেন। গৃহের দাবায় জুতাজোড়াটি ফেলিয়া, কক্ষের ছাতাটি দেওয়ালগাত্রে হেলাইয়া রাখিয়া ডাকিলেন, "ঘোষ-মহাশয়, বাড়ী আছ না কি ?"

ঘোষ-মহাশয় অর্থে তাঁহার জ্যেষ্ঠ শ্যালক হরিচরণ ঘোষ। হরিচরণ সম্বন্ধে এবং বয়সে তাঁহার বড়।

হরিচরণ বাড়ী ছিলেন না। রন্ধন গৃহ হইতে রমণীকণ্ঠে জিজ্ঞাসিত হইল, "কে গা? দাদা বাড়ী নাই, ডাক্তার ডাকিতে গিয়াছেন।"

"আমি ক্ষিতীশ"—ক্ষিতীশ দাঁড়াইয়া ছিল, এই কথা বলিয়া দাবার উপর বসিয়া পড়িল।

যে কথা কহিয়াছিল, সে ক্ষিতীশের মধ্যমা শ্যালিকা। নাম বিরাজ-মোহিনী।

টানিয়া আনিল, বলিল, "আছে আমার মনিব এই হুঁকাতে মাঠে গিয়া তামাক খান।"

তারপর সে তাহার নিজের হুঁকার মস্তক হইতে কলিকা নামাইয়া লইয়া তাহাতে তামাক সাজিল। তৎপরে অপর হুঁকার মস্তকে কলিকা স্থাপন করিয়া, ক্ষিতীশের হস্তে প্রদান করিল ক্ষিতীশ বসিয়া ধূমপান করিলেন। তার পরে হুঁকা রাখিয়া শয্যায় গিয়া শুইয়া পড়িলেন।

রতিকান্ত তখন গল্পারম্ভ করিল। সে জিজ্ঞাসা করিল, "আপনি এখন কোন চাক্‌রী টাক্‌রী কর না ক

ক্ষিতীশ। না, চাক্‌রী নাই তবে চেষ্টায় আছি।

রতি। আপনাদের চাক্‌রী না থাক্‌লে তত সুবিদে থাকে না। সেদিন আমাদের মা-ঠাকরুণ ঐ কথা বল্‌ছিলেন।

ক্ষিতীশ। কি বল্‌ছিলেন ?

রতি। ছোট মেয়েটার গহনাপত্তর নেই, তাই আপ্‌শোস্ কোরে বোল্‌ছিলেন, হাবাতের ছেলের হাতে মেয়েডা দিয়ে কান্‌তি কান্‌তি জান গেল।

ক্ষিতীশ সে কথার কোন উত্তর করিল না। রতিকান্ত তখন বুঝিল কথাটা জামাইবাবুর প্রীতিপদ হয় নাই। সে তখন অন্য কথা তুলিল। বলিল, "মেয়েডার জ্বর বড় বেয়াড়া হয়েছে। তা কালী-ডাক্তার ওর কি ক'রবে ? আমার বোধ হয় মেয়েডার উপরিদৃষ্টি হ'য়েছে। নইলে অত ভূতোসন্নি ব'ক্‌বে কেন ? মাদারে ফকির ওসব বিষয়ে ভারি ওস্তাদ্;— ঘাটে নেমে আঘাট থেকে এক নিশ্বাসে এক ঘড়া জল আন্‌তে হয়। তাই পোড়ে দেয়—একদিনেই রোগী আরাম হোয়ে যায়।

ক্ষিতীশচন্দ্র সে কথারও কোন উত্তর করিলেন না। রতিকান্ত ভাবিল, তবে জামাইবাবুর ঘুম আসিতেছে, অগত্যা সেও পার্শ্বপরিবর্ত্তন করিল এবং

তাঁহার বন্ধু তাঁহাকে লইয়া তাপহীন নিভৃত গৃহে গমন করিলেন এবং বিস্তৃত শয্যার উপরে শয়ন করিয়া বলিলেন, "এখন একটু ঘুমাও।"

ক্ষিতীশচন্দ্র বলিলেন, "শোন ভাই, যাহার হাতে একটী পয়সা নাই, যে আশ্রয়হীন, আত্মীয়-স্বজন কর্ত্তৃক তাড়িত, তদুপরি যাহার স্ত্রী জ্বরবিকারে আসন্ন মৃত্যু-শয্যায় শায়িত, তাহার কি সুখ-নিদ্রার সম্ভাবনা আছে? বড় অভাবে পড়িয়াই তোমার নিকট আসিয়াছি।"

বন্ধু। কাজটা ভাল হয় নাই—ভাইদের সঙ্গে ছাড়াছাড়ি হওয়াটা যে তোমার বুদ্ধির কাজ হয় নাই, সে কথা আমি তোমাকে আগেও বলিয়াছি। এখনও বলিতেছি, স্ত্রীর রোগ আরোগ্য হইলে বাড়ী যাইও।

ক্ষিতীশ। সে ত পরের কথা—আপাততঃ আমাকে গোটা পঞ্চাশেক টাকা ধার না দিলে, আমি মারা পড়ি।

বন্ধু। কোন আপত্তিই ছিল না—তবে বর্ত্তমানে আমার হাতে একটী পয়সা নাই। যাহা ছিল, এই সকালবেলা একজনকে ধার দিয়াছি।

ক্ষিতীশ। দোহাই তোমার—এ বিপদে রক্ষা কর। আমি হ্যাণ্ডনোট লিখিয়া দিতেছি! তুমি জান, আমার অংশের বাড়ী ঘর আছে, জমিজমাও আছে—বিক্রয় করিলে সুদসহ পঞ্চাশটাকা আদায় হইতে পারিবে তাহা নিশ্চয়। অন্যমত করিও না—আমি বড় বিপদে পড়িয়া বড় আশা করিয়াই তোমার নিকটে আসিয়াছি।

বন্ধু। আমার কাছে ত টাকা নাই-ই। তবে যদি দিদির তহবিলে বিশ পঁচিশ টাকা থাকে!

ক্ষিতীশ। যে তহবিলেই থাক্ আমায় দাও। কিন্তু বিশ পঁচিশ টাকাতে কিছুই হইবে না। অন্ততঃ চল্লিশটা করিয়া দাও।

বন্ধু। এখন ঘুমোও, পরে দেখিব এখন।

ক্ষিতীশ। আমার ঘুম হইবে না—তুমিও আমার জন্য একটু কষ্ট স্বীকার কর, আজ আর ঘুমাইও না। বাড়ীর মধ্যে যাও, ঠিক করিয়া আইস।

বন্ধু। যতদূর হয়, একপ্রকার হইবেই এখন—এ রৌদ্রে কিছু যাইতে পারিবে না। একটু পরেই দেখা যাইবে। এখন ঘুমাও।

এই কথা বলিয়া ক্ষিতীশের বন্ধুপ্রবর একটা 'পাশের বালিশ' কোলের দিকে টানিয়া লইয়া পার্শ্ব-পরিবর্ত্তন করিয়া শয়ন করিলেন এবং অচিরাৎ নিদ্রিত হইয়া পড়িলেন।

ক্ষিতীশের নিদ্রা নাই—তিনি চিন্তার দারুণ দাহ জ্বালায় শয্যার উপরে পড়িয়া ছট্‌ফট্‌ করিতে লাগিলেন। ক্রমে অনেকক্ষণ কাটিয়া গেল। ক্ষিতীশের নিকট বোধ হইতে লাগিল, যেন সন্ধ্যা হইতে আর অধিক বিলম্ব নাই—কিন্তু বন্ধুর বিরক্তির জন্য ডাকিতেও সাহস করিতেছিলেন না। যদি তিনি বিপদে পড়িয়া টাকার জন্য না আসিতেন, তবে এতক্ষণ ডাকিয়া তুলিতে পারিতেন—এমন কতদিন ঘুমাইতে দেন নাই, কিন্তু আজ তাঁহার সে সাহস নাই। ক্রমে জ্যৈষ্ঠের প্রবল রৌদ্রতাপ কমিয়া আসিল—ক্ষিতীশের বন্ধুর নিদ্রাভঙ্গ হইল। উঠিয়া জিজ্ঞাসা করিলেন, "তুমি ঘুমাও নি ?"

ক্ষিতীশ। পোড়া-চক্ষে ঘুম আসে নাই।

বন্ধু। ( হাসিয়া ) খুব বউ-পাগ্‌লা যাই হোক্‌, 'ভাগ্যবানের স্ত্রী মরে, অভাগার ঘোড়া মরে'—তা এত চিন্তাই বা কি ? যদিই মরে, আবার বিবাহ করিও—বিবাহের বাজার আজকাল বড় সস্তা!

ক্ষিতীশ। আমার মত দরিদ্রের স্ত্রী না থাকাই মঙ্গল—কিন্তু একটা মানুষ বিনা-চিকিৎসায় মরে যাবে, এ হতে কষ্টের কথা আর কি আছে।

বন্ধু। যাহারা টাকা খরচ করিয়া দেবেন-ডাক্তারকে দেখাইতে পারে না—তাহারা বুঝি সবাই মরিয়া যায় ? আর দেবেন-ডাক্তারকে দেখাইতে টাকাই বা অত লাগিবে কেন ? তার ত দুই টাকা করিয়া ভিজিট্‌!

ক্ষিতীশ। রোগ শক্ত—ক'দিন আসিতে হইবে, কে জানে! তা ছাড়া ঔষধের দাম আছে—পথ্য আছে।

বন্ধু। পথ্যও কি তোমাকেই কিনিতে হইবে? কেন, তার ভাযের বাটীতে আছে, সে দেবে না?

ক্ষিতীশ। নাও দিতে পারে—দরিদ্রের স্ত্রীর জন্য কে অত করিতে যায়?

বন্ধু। তবে সেখানে রাখ কেন? রাগ করিও না, তুমি বড় স্ত্রীর বাধ্য। যা বলে, তাই কর—ইহাতে কষ্ট না পাইবে কেন? আজ যদি বাড়ীতে থাকিতে, তবে কি এতটা কষ্ট—এতটা অভাব সহ্য করিতে হইত?

ক্ষিতীশ। বর্ত্তমানে বাড়ীর অবস্থা আরও শোচনীয়।

"তবুও সেটা নিজের বাড়ী।"—এই কথা বলিয়া বন্ধু উঠিয়া গেলেন। ক্ষিতীশচন্দ্র সেই স্থানে বসিয়া আকাশ পাতাল বিশ্ব ব্রহ্মাণ্ড চিন্তা করিতে লাগিলেন।

অনেকক্ষণ পরে বন্ধু ফিরিয়া আসিলেন। তাহার প্রতিপাদক্ষেপে ক্ষিতীশের হৃদয় কাঁপিতে লাগিল—পাছে তিনি বলেন—"টাকার সংস্থান হইল না।" কিন্তু তিনি তাহা বলিলেন না। হ্যাণ্ডনোট লিখিয়া দিবার কথা শুনিয়া তাঁহার সমস্ত আপত্তি খণ্ডন হইয়া গিয়াছিল। তবে বিষয় এবং আসল টাকা ও তাহার তিন বৎসরের সুদের সামঞ্জস্য করিয়া তিনগুণ হিসাব মনে মনে খতাইয়া দেখিয়া—ত্রিশটাকা হাতে করিয়া লইয়া আসিলেন।

শয্যায় উপবেশন করিয়া অতি গম্ভীর বদনে বলিলেন, "নিজের হাতে টাকা না থাকিলে এমন বিপদেও পড়িতে হয়। দিদির কাছে অনেক বলিয়া কহিয়া এই ত্রিশটী টাকা আনিয়াছি। সে কেবল তোমার জন্য—নতুবা আমি ও-সব মেয়েলী ফেসাদের মধ্যে যাই না। সুদ, প্রতি টাকায় দুই পয়সার হিসাবে।"

ক্ষিতীশ। তাই।

বন্ধু। একখানা হ্যাণ্ডনোট লেখ।

কাগজ কলম কালী সেই স্থানেই ছিল। ক্ষিতীশচন্দ্র হ্যাণ্ডনোট লিখিতে উদ্যত হইয়া জিজ্ঞাসা করিলেন—"দিদির নামে লিখিব না কি?"

তনুর মা। সেখানে কাজ করিবে না, তোমার কাজ করিবে?

হরি। একটু সুবিধা আছে। রামপুরের বাজারে আড়ত হইবে কি না, ক্ষিতীশ দশটার সময় খাইয়া যাইবে।

তনুর মা। আসিবে কখন?

হরি। সন্ধ্যার পর।

তনুর মা। তা হ'লে সকালে তোমার কাজকর্ম্ম দেখবে?

হরি। হাঁ।

তনুর মা। আমার নিকটে তাহা ভাল বলিয়া বোধ হয় না। শ্বশুর-বাড়ী থাকিয়া কাজ-কর্ম্ম করিয়া খাওয়া মোটেই ভাল নয়। অনেক কথা জন্মে।

হরির মা। কিন্তু যান কোথায়?

হরি। দেখুন, উনি বিবেচনা করিয়া দেখুন। আমার যতটুকু সাধ্য আমি তাহা চেষ্টা করিলাম।

হরির মা। মা দুর্গার আশীর্ব্বাদে তুমি আমার বেঁচে থাক, তুমি নইলে হতভাগিনীর আর উপায় কি। এমন অদৃষ্টও আমি করেছিলাম যে মেয়েটার কপালে একবিন্দুও সুখ হ'ল না।

ক্ষিতীশ। হাঁ, ঐ কাজই আমি করিব। কবে যাইতে হইবে?

হরি। আর তিন দিন পরে।

ক্ষিতীশ। তবে তাহাই হইবে।

তার পরে রাধাচরণের কথা উঠিল। রাধাচরণ হরিচরণের কনিষ্ঠ ভ্রাতা—সে বাইশ বৎসর বয়সে এন্‌ট্রেন্স পরীক্ষা দিবে, তাহার মত ছেলে আর হয় না। সকলেই বলে সে হাকিম হইবে, হাকিম হইলে তাহার একজন বাজার সরকারের প্রয়োজন; অতএব ক্ষিতীশের শাশুড়ী ভরসা করেন, তখন ক্ষিতীশ সেই কাজ করিয়া সুখে স্বচ্ছন্দে দিন কাটাইতে পারিবে, এখন ভগবান মুখ তুলিয়া চাহিয়া রাধুকে বাঁচাইয়া রাখিলে হয়।

এতক্ষণ বসিয়া আছি! সবিশেষ অনুরোধ, আর কখনও অমন গান গাহিবেন না। আর একটি গান করুন। আমি বড় আশা করিয়া আসিয়াছি।

পাঁচকড়ি জিজ্ঞাসা করিল—"তবে কি গান গাহিব?

যূথিকা বলিল—"কেন প্রেম-সঙ্গীত? আপনি কি জানেন না, প্রেমেই জগৎ বাঁধা! প্রেম প্রেম—পবিত্র প্রেম বিনা জগতের কোন অস্তিত্বই নাই।

পাঁচকড়ি ভাবিল—"ইংরেজী পড়িলে মানুষ ক্ষেপে না কি? কথা যা বলে, তাও বোঝা যায় না—আর স্বভাব-চরিত্র ত ঠিক উন্মাদের মত।" অনেক ভাবিয়া চিন্তিয়া কোলের উপর হারমোনিয়ম রাখিয়া প্রায় চক্ষু মুদিত করিয়া গাহিল,

ওগো, তোমার দুয়ারে আসি তাই।
আমি যাহা চাই, তুমি তাই।
জীবনের ঘুম ঘোরে, পূজি গো নিতি তোমারে
বিরল-বিরহ বাসে তোমারে ধেয়াই॥

গৃহে কাচমধ্যে উজ্জ্বল আলো জ্বলিতেছিল। সেই তীব্র উজ্জ্বল আলোকতলে পাঁচকড়ি গান গাহিতেছিল। পাঁচকড়ির গান সমাপ্ত হইল। যূথিকা কম্পিতকণ্ঠে কহিল—"আপনার গান বুঝি স্বর্গের জিনিস। আমার জ্ঞান হইতেছিল, আপনি এই স্বর্গীয় সঙ্গীত গাহিতে গাহিতে সৌন্দর্য্য-দেবতারূপে আমার মন-প্রাণ হরণ করিতেছিলেন।"

পাঁচকড়ি মৃদু হাসিয়া বলিল—"আপনি সন্তুষ্ট হইলেন, ইহাতে আনন্দিত হইলাম।"

যূথিকা। আমার একটি অনুরোধ আছে, রাখিবেন কি?

পাঁচ। কি বলুন।

পাঁচকড়ি দীর্ঘশ্বাস পরিত্যাগ করিল। তাহার স্বভাব, সে কাহারও কথার প্রতিবাদ করিতে ভালবাসে না। এখানেও স্বভাবমত কার্য্য করিল। দানীশের কথার প্রতিবাদ করিল না। বাড়ী যাইতে স্বীকৃত হইল। কেবল ছলছল নেত্রে দাদার মুখের দিকে চাহিয়া অতি করুণ-বিনীত স্বরে বলিল, "ন-বৌ আপনাকে বাড়ী যাইবার জন্য বড় অনুরোধ করিয়াছিলেন।"

দানীশ বিকট হাস্য করিয়া বলিলেন—"এই যে, ভায়ার আমার কাব্যশাস্ত্রে খুব দখল হ'য়েছে। মা গেল, দাদা গেল, ভাই-বৌরা গেল—ন-বৌএর অনুরোধ জানান হ'ল! বাহবা কি বাহবা।"

পাঁচকড়ি বড় অপ্রতিভ হইল তথাপি বলিল—"বাড়ীর জন্যে কিছু খরচ দিবেন কি?"

"দিতে হয়, পাঠাইয়া দিব। দশটা বাজিয়া সাত মিনিট হইয়াছে—এর পর গেলে গাড়ী ধরিতে পারিবে না। ঐ গাড়ীতে তোমার যাওয়া চাই-ই।"

দানীশ এই কথা বলিলে পাঁচকড়ি আর দ্বিরুক্তি করিল না। তাহার কাপড় চোপড় ও ছাতাটি লইয়া বাহির হইল।

পাঁচকড়ির প্রাণে যে কোন প্রকার দাগ লাগিয়াছিল, এমনও বোধ হয় না। সে গুন্ গুন্ করিয়া গাহিতে গাহিতে চলিয়াছে—

"গভীর ঘন-ঘটা প্রকটে বামার কলেবরে,
ভীষণ-ভ্রূকুটি-ভঙ্গী উলঙ্গিনী কে শবোপরে।"

এগারাটা বাজিবার কয়েক মিনিট পূর্ব্বে পাঁচকড়ি যাইয়া ষ্টেশনে উপস্থিত হইল। গাড়ী তখন আসে আসে—অনেক যাত্রী টিকিট্ কিনিয়া প্ল্যাট্ফরমে গিয়া দাঁড়াইয়াছে। টিকিট্ লইবার ঘরের দিকে দুই চারিজন লোক ছিল। একটি বৃদ্ধ সেখানে বসিয়া হাউ হাউ করিয়া কাঁদিতেছিল।

পাঁচকড়ি ষ্টেশনে গিয়া গাড়ী আসিবার বিলম্ব নাই শুনিয়া তাড়াতাড়ি

কলিকাতার একখানি টিকিট্ কিনিয়া আনিল। তারপরে প্ল্যাটফরমে যাইতে উদ্যত হইয়া হঠাৎ তাহার মনে পড়িল, একজন বৃদ্ধকে দরজার নিকট কাঁদিতে দেখিয়া আসিয়াছে। তখন তাড়াতাড়ি তাহার কাছে ফিরিয়া গেল। জিজ্ঞাসা করিল—"তুমি কাঁদিতেছ কেন বাপু?"

বৃদ্ধ বলিল—"আমার সর্ব্বনাশ হ'য়েছে বাবা।"

পাঁচ। কি হইয়াছে খুলিয়া না বলিলে, বুঝিব কি প্রকারে? গাড়ী আসিবার আর বিলম্ব নাই—বল তোমার কি হইয়াছে?

বৃদ্ধ। আমার ছেলে এই দেশে চাকুরী করিত—এক বাবুর বাড়ী ভাঁড়ারী ছিল। তাহার প্লেগ হইয়াছিল—বাবু তাহাকে হাসপাতালে দিয়া দেশে চলিয়া যায়। আমি সেই সংবাদ পাইয়া এখানে আসিয়াছিলাম। বাবা আমাকে ফাঁকি দিয়ে, আজ সকালে চিরকালের তরে চলিয়া গিয়াছে। হায়, আমার মত হতভাগ্য আর কে আছে গো! এই বুড়ো বয়সে অমন ছেলে হারিয়েছি গো!

পাঁচ। সবই আপন কর্ম্মফল—আর এখানে বসিয়া কাঁদিয়া কি করিবে? গাড়ী আসিবার বিলম্ব নাই—বুঝি ঐ গাড়ী আসিতেছে—হ্যাঁ, ঐ শব্দ শোনা যাইতেছে। শীঘ্র চল। তুমি কোথায় যাইবে?

বৃদ্ধ। হা ভগবান্—মহাশয়, আমি কলিকাতায় যাইতাম, কিন্তু যাইবার উপায় নাই—আমার সর্ব্বনাশের উপর সর্ব্বনাশ হইয়াছে। ছেলের শোকে বড় কাতর ছিলাম, টিকিট্ করিবার যায়গায় বড় ভিড় দেখিয়া একটি বাবুর হাতে টিকিটের দাম দিয়াছিলাম—তিনি নিজের টিকিট করিতে গেলেন, আমারও টিকিট আনিয়া দিবেন। কিন্তু বাবুর দেখা আর পাইলাম না—ষ্টেশনের বাবুদের জানাইলাম, তাঁহারা বলিলেন—"জুয়াচোর ঠকাইয়াছে।" মহাশয়, আমি প্রাণে মারা পড়িলাম—একে পুত্রশোক! তাহাতে সারাদিন কিছু খাইনি—হাতে আর একটি পয়সাও নাই। ওগো, আমার কি হবে গো!"

গৃহমধ্য হইতে মেজ-বউ সে দৃশ্য দেখিয়া দ্রুতপদে তথায় আসিয়া উপস্থিত হইলেন এবং নিস্তারকে যথোচিত ভৎ'সনা করিলেন ও তৎক্ষণাৎ শচীকে লইয়া তাঁহার নিকট দিবার জন্য আদেশ করিলেন।

নিস্তার নাকি-সুরে বলিতে লাগিল—"দাও বাবু, খোকাকে শীগগীর নামিয়ে দাও। ওমা, কাকার কোলে ছেলে দিলে এমন হবে, তা জান্‌লে কোন চোক্‌খাগী দিত!"

পাঁচকড়ি তথাপি চলিয়া যাইতেছিল; কিন্তু মেজ-বউ তখন নিস্তারকে উদ্দেশ করিয়া বলিলেন—"ছেলে দাও ব'ল্‌চি, নতুবা একটা বিদিকিচ্ছি কাণ্ড হবে। আমি ও সব নেকামি বুঝি না।"

নিস্তার গিয়া শচীকে চাপিয়া ধরিল। শচী কিছুতেই ছোট-কাকার ক্রোড় হইতে নামিবে না। নিস্তারও ছাড়িবে না। সে বলপ্রকাশে টানিয়া লইল। শূন্যবুকে পাঁচকড়ি মাতার নিকটে ফিরিয়া গেল। শচী নিস্তারের কোলের উপর কাঁদিয়া আছাড় খাইতে লাগিল।

## দ্বিতীয় পরিচ্ছেদ

পরদিবস সন্ধ্যার পর পাড়ার বিষ্ণুচন্দ্র সরকার আসিয়া যতীশচন্দ্রের গৃহ-দাবায় উপবেশন করিলেন। তিনি সম্পর্কে যতীশচন্দ্রের খুল্লতাত। বিষ্ণুচন্দ্র পাড়ার মুরুব্বি ও সম্ভ্রান্ত লোক।

যতীশচন্দ্র তামাকু সাজিয়া, একটা আম্রপত্রের নল করিয়া হুঁকার মুখে লাগাইয়া, তাঁহার হস্তে প্রদান করিলেন।

বিষ্ণুচন্দ্র হুঁকা টানিতে টানিতে বলিলেন—"আর ক'দিন বাড়ী আছ?"

যতীশ। বোধ হয় কালই যাব।

বিষ্ণু। এখন কি সেখানে অধিক কাজ আছে?

যতীশ। হাঁ—প্রজারা বিদ্রোহী হইয়াছিল, এখন একপ্রকার মিটমাট

বিষ্ণুচন্দ্র, যতীশচন্দ্রের মুখের দিকে চাহিয়া জিজ্ঞাসা করিলেন—"দানীশের কোন সংবাদ পাইয়াছ ?"

যতীশ। কি জানি, পেঁচো সেখানে গিয়েছিল—কাল এসেছে। আমি সব শুনিও নি।

বিষ্ণু। কেন, তোমার ভাই—বিশেষ আর এক ভাই সেখান হইতে আসিল—তুমি কোন খবরই লইলে না ?

যতীশ। আমি আর ওসব খবরের মধ্যে নাই।

বিষ্ণু। কেন, যোগধর্ম্ম অবলম্বন করিয়া সংসারের মায়া-পাশ ছিন্ন করিয়াছ না কি ?

যতীশ। প্রায় তাই—আমি সাতেও নাই, পাঁচেও নাই। দু'এক দিনের জন্য বাড়ী আসি, দুটো খাই—আবার চলিয়া যাই।

বিষ্ণু। কোথায় খাও ? তোমার মায়ের নিকট ?

যতীশ। না!

বিষ্ণু। তবে ? স্ত্রীর কাছে ?

যতীশ। হুঁ।

বিষ্ণু। কেন ?

যতীশ। কি করি ?

বিষ্ণু। কি করি কেন ? যদি স্ত্রী, মায়ের সঙ্গে ঝগড়া করিয়া একত্রে থাকিতে অস্বীকার করে, পৃথক হোক্—তাহাকে মাসিক বৃত্তি দাও—তুমি মায়ের ছেলে মায়ের কাছে থাক না কেন ?

যতীশচন্দ্র কোন কথা কহিলেন না। বিষ্ণুচন্দ্র বলিলেন—"তোমার মা কি খান ?"

যতীশ। আমি মাসে পাঁচ টাকা দিব।

বিষ্ণু। গুদামভাড়া ? ভাল,—তোমার ভ্রাতৃগণ এবং অন্যান্য সকলে কি খায় ?

বিষ্ণু। আমি বিশ্বস্তসূত্রে অবগত হইয়াছি, এবার তোমার মহালের এই গোলযোগে তুমি প্রায় দুই তিন হাজার টাকা উপরি রোজগার করিয়াছ—কেমন, সত্য কিনা?

যতীশ। আজ্ঞে না। ওটা কি জানেন—পরের ধন সকলেই বেশী দেখে!

বিষ্ণু। না হোক, কিছু কম হবে। কিন্তু তোমার মাকে তাহা হইতে পাঁচশত টাকা দিতে হইবে। উনি সে টাকায় পাঁচুর দ্বারা লাঙল করাইয়া, ব্যবসা করাইয়া, সংসারযাত্রা নির্ব্বাহ করিবেন।

যতীশ। আজ্ঞে এত টাকা—

বিষ্ণু। এ তোমাকে দিতেই হইবে।

যতীশ। আমি এ কথার ত্তর আজ দিতে পারিলাম না—কাল দিব।

"ভাল, তাহাই হইবে। কিন্তু আমার কথার উত্তর এবং কথিত টাকা না দিয়া, কাল যেন চলিয়া যাইও না!"—বলিয়া বিষ্ণুচন্দ্র দাবা হইতে নামিয়া গেলেন।

যতীশচন্দ্রের মাতাও ধীরে ধীরে রন্ধন-গৃহাভিমুখে গমন করিলেন।

## তৃতীয় পরিচ্ছেদ

যতীশচন্দ্র গৃহমধ্যে গমন করিলেন—মেজ-বৌও তাঁহার পশ্চাদনুসরণ করিলেন; তর্জ্জন-গর্জ্জন সহকারে রক্তমুখে বলিলেন—"যত খোসামুদে মিন্সেরা আসেন, কেবল ওদের দাও—টাকা যেন গাঙের জল।"

যতীশচন্দ্র পশ্চাৎ ফিরিয়া গৃহিণীর দিকে চাহিয়া বলিলেন—"তুমি সব শুনিয়াছ না কি?"

নথ নাড়িয়া, মুখ ঘুরাইয়া, চক্ষু রক্তবর্ণ ও কণ্ঠস্বর বিকৃত করিয়া গৃহিণী বলিলেন—"শুনব না কেন? যেমন গাঁ, তেমনি ভদ্রলোক—তেমনি বিচার!"

যতীশ। সে কথা ঠিক! এখন বিষ্ণুকাকা যাহা বলিয়া গেলেন, তাহার কি?

গৃহিণী। কি, টাকা দেবার কথা?

যতীশ। হাঁ।

গৃহিণী। এক পয়সাও না! টাকা আমাদের, আমরা দিব কেন? না দিলে উনি কি করিবেন?

যতীশ। কি আর করিবেন; কিন্তু—

গৃহিণী। কিন্তু কি? দিবে? তা দাও—আমার শচীর হাতে টুকনি দাও। তুমি কি আমার কচি ছেলের কথা একবারও মনে ভাব না? ও আমার কি খেয়ে মানুষ হবে? আমি এক পয়সাও দেব না, দেব না, দেব না,—তা যাই ক।

যতীশ। শোন বলি,—দশেও নিন্দা করিতেছে, একটু ধর্ম্মেরও হানি হইতেছে। এবার প্রায় তিন হাজার টাকার উপর আনিয়াছি—তাহা হইতে শো তিনেক টাকা দাও। তাই লাঙ্গল গরু করিয়া পেঁচো একরূপ চালাক।

গৃহিণী। এক পয়সাও না।

যতীশ। আহা, ওদের বড় কষ্ট হইয়াছে। পেঁচোর কথা শুনিয়া তখন বাস্তবিকই আমার প্রাণ বিচলিত হইয়াছিল—

গৃহিণী। ওরে আমার দয়ার সাগর রে।—না, আমি এক পয়সাও দিব না। আমার শচীকে এক মুঠা মুড়ী দিবার লোক নাই। আজ যদি ওরা রাজা হয়, আমার শচীর কি! শচী আমার যে কাঙালের ছেলে সেই কাঙালের ছেলেই থাকিবে। তুমি একটী পয়সাও বাজে খরচ করিতে পারিবে না।

যতীশচন্দ্র নিস্তব্ধ হইয়া ভাবিতে লাগিলেন। ভাবিলেন—কথা মিথ্যা নয়—আজ যদি আমি মরিয়া যাই, বা ব্যারামে পড়ি শচীকে কে দেখিবে?

পুত্রশোক-সন্তপ্ত যতীশচন্দ্র গৃহিণীকে বুঝাইলেন—"আর না—সকলের সঙ্গে মিলিয়া মিশিয়া জীবনের বাকি গণা দিন কটা কাটাইয়া দাও।"

মেজ-বৌ তাহাতে অস্বীকৃত হইল না।

তারপর শেষরাত্রে উঠিয়া যতীশচন্দ্র পাঁচকড়িকে ডাকিলেন। বলিলেন—"যতক্ষণ ভোর না হয়, আমার সঙ্গে চল। ভোর হইলে, তুই ফিরিয়া আসিস্। একটু রাত্রি থাকিতে না গেলে, রৌদ্রে কষ্ট পাইতে হইবে।"

পাঁচকড়ি, মোটা একগাছা বাঁশের লাঠি লইয়া দাদার পশ্চাৎ পশ্চাৎ চলিল। দুই ভ্রাতাই নীরব—দুই ভ্রাতাই হৃদয়ে দুর্ব্বিসহ বেদনা লইয়া পথ বাহিয়া চলিয়াছে।

ক্রমে তাঁহারা গ্রাম ছাড়াইয়া মাঠে উপস্থিত হইলেন। মাঠ ছাড়াইয়া নদীতীরের পথে পড়িলেন।

বাষ্পগদ্গদকণ্ঠে যতীশচন্দ্র পাঁচকড়িকে বলিলেন—"তবে তুই ফিরিয়া যা। ভোর হইয়া আসিল, আমি চলিলাম! সকলই থাকিল—যাহা রোজগার করিব মাসে মাসে পাঠাইয়া দিব।"

রুদ্ধকণ্ঠে, সকরুণ-কাতরস্বরে পাঁচকড়ি বলিল—"আমার কাছে! আমি সংসারের গুরু-ভার বহনে অক্ষম। বাড়ীতে থাকিলে—শচীহীন বাড়ীতে থাকিলে বাঁচিব না। আমাকে না দাদা—তুমি কর্ত্তা—তুমি দাদা, যাহা হয় করিও। আমি শীঘ্রই বাড়ী হইতে পলাইব।"

যতীশচন্দ্রের পুত্রশোক-সন্তপ্ত হৃদয় অনুতাপের উষ্ণ অশ্রুতে গলিয়া গিয়াছিল। ধীরে ধীরে রুদ্ধকণ্ঠে বলিলেন—"পাঁচু, ভাই! ভগবান আমার শচীকে কাড়িয়া লইয়া, আমার জ্ঞানচক্ষু ফুটাইয়া দিয়াছেন—বুঝাইয়া দিয়াছেন—যাহা কর্ত্তব্য—যাহা করিতে হয়, তাহা কদাচ ভুলিও না। ভুলিলে প্রত্যবায়ভাগী হইতে হয়। না ভাই, কোথাও যাস্ নি,—আমি তোর উপরে অনেক নিষ্ঠুর আচরণ করিয়াছি, শচীকে তোর কোলে দিতে দেয় নাই, তাহা শুনিয়াও প্রতিকার করি নাই—অধিকন্তু

ক্ষিতীশচন্দ্র আসিয়া তাঁহার পদে প্রণতঃ হইলেন। রাইচরণ ক্ষিতীশের বিষয় চিঠিপত্রে সমস্ত অবগত ছিলেন। একটু হাসিয়া, একটু ব্যঙ্গের সুর বাহির করিয়া বলিলেন—"কি, ভায়া যে, কেমন আছ?"

ক্ষিতীশ। আজ্ঞে, একরূপ আছি।

রাই। কোথায় গিয়েছিলে?

ক্ষিতীশ। মাঠে। কতকগুলা মজুর পাওয়া গিয়াছে, তাই তাদের কাজ দেখাইতে গিয়াছিলাম।

রাই। তা বেশ—হরিবাবুর একটু সাহায্য করা ত চাই।

ক্ষিতীশ। আপনার বাড়ীর সব ভাল?

রাই। ভাল।

ক্ষিতীশচন্দ্র তাড়াতাড়ি হুঁকা লইয়া তামাক সাজিলেন; নিজে ধূমপান করিয়া—রাইচরণের হস্তে হুঁকাটি প্রদান করিলেন। তার পর তাড়াতাড়ি স্নান করিয়া রান্নাঘরে গিয়া শাশুড়ীকে জিজ্ঞাসা করিলেন—"ভাত হইয়াছে?"

নাসিকা কুঞ্চিত করিয়া শাশুড়ী উত্তর করিলেন—"এর মধ্যে ভাত হয় কি প্রকারে? জামাই এসেছে, দেখ্‌ছো না?—তোমার গায়ে মানুষের চামড়া একেবারেই নেই বাপু।"

ক্ষিতীশ। আমাকে যে এখনি বাজারে যাইতে হইবে!

শাশুড়ী। তা' কি করিব? এক দিন নয় নাই গেলে!

ক্ষিতীশ। একটা বড় জরুরী কাজ ছিল।

শাশুড়ী। তা' আর কি হইবে? ভাত হইতে এখন অনেক দেরী। এই সবেমাত্র রাইচরণের সরু চাউলের ভাত চাপাইয়াছি! তার পরে মাছের ঝোল হইলে তোমাদের ভাত চড়িবে।

ক্ষিতীশ। সে এখনও অনেক দেরী! তবে আজ আর যাওয়া হইল না। জল খাইবার কিছু আছে কি?

কিন্তু স্ত্রীকে ডাকিতেও পারিলেন না, এমন যে অনেকেই গায়। তবে তিনি সে স্থান হইতে নড়িলেন না, আড়ি পাতিয়া দাঁড়াইয়া থাকিলেন।

এমন সময় হঠাৎ তাঁহার শাশুড়ীঠাকুরাণী আসিয়া তথায় উপস্থিত হইলেন। ক্ষিতীশকে আড়ি পাতিয়া সেখানে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া একেবারে তেলে-বেগুনে জ্বলিয়া উঠিলেন। ক্রোধ-গম্ভীর-স্বরে অথচ অতি মৃদুস্বরে বলিলেন—"শোন ত বাপু।"

ক্ষিতীশ পশ্চাতে চাহিয়া দেখিলেন, তাঁহার শাশুড়ী তাঁহাকে ডাকিয়া দ্রুতপদে তাঁহারই শয়নকক্ষে চলিয়া গেলেন। ক্ষিতীশও ত্বরিত গমনে সে কক্ষে প্রবেশ করিলেন।

মুখখানা অমাবস্যার রাত্রির মত অন্ধকার করিয়া শাশুড়ী বলিলেন—"ওখানে দাঁড়িয়ে কি দেখ্‌ছিলে বাপু?"

ক্ষিতীশ। কিছুই না, বাইরে যাচ্ছিলাম, তাই একবার চেয়ে দেখলাম।

শাশুড়ী। ওরকম দেখ্‌তে নাই! ভগিনীপতির সঙ্গে শালীতে কত রকম করে, তা আবার আড়ি পেতে কোন্ পুরুষ দেখে?

ক্ষিতীশ। না মা, আমরা ত জানি, ভদ্র-কামিনীগণ বড় ভগিনীপতিকে দাদার মত এবং ছোট ভগিনীপতিকে কনিষ্ঠ সহোদরের মত ভক্তি ও স্নেহ করিয়া থাকে। এসব আমাদের চক্ষে নূতন!

অতর্কিতে প্রসুপ্তা ভুজঙ্গিনীর গাত্রে লোষ্ট্র নিক্ষেপ করিলে, যেমন সে জাগরিত হইয়া মাথা তুলিয়া গর্জ্জন করিয়া উঠে, ক্ষিতীশের শাশুড়ী তেমনিভাবে গর্জ্জন করিয়া বলিলেন—"আমরা সব বাজারে-বেশ্যা—তাই অমন করি! তোমার মা-বোন্ ভাল, আমরা অসতী!"

ক্ষিতীশচন্দ্র হাতযোড় করিয়া বিনয়-নম্রস্বরে কহিলেন—"মা, আমায় ক্ষমা করুন! আমি ত দুষ্য কিছুই বলি নাই। কেবল একবার চাহিয়া দেখিয়াছিলাম মাত্র।"

বৌ অতিশয় বিরক্তস্বরে গুরুপদবিক্ষেপে আপনার শয়নকক্ষে আগমন করিলেন ; ক্ষিতীশ পশ্চাৎ পশ্চাৎ গেলেন।

সেজ-বউ মুখ ঘুরাইয়া, চোখ উল্টাইয়া বলিলেন—"কি হইয়াছে? মরণ আর কি—ডাকাডাকি করিতে লজ্জাও করে না ?"

ক্ষিতীশ। ডাকাডাকি এই জন্যে—কতকক্ষণ আসিয়াছি, একবার কি দেখাও দিতে নাই ?

সেজ-বৌ। ছিঃ ছিঃ জ্বালাইলে তুমি ! লোকে কি বলিবে বল দেখি ?

ক্ষিতীশ। আমার কাছে আসিলে, লোকে কি বলিবে—আর বোনায়ের কাছে একা বসিয়া থাকিলে, লোকে কিছু বলিবে না ?

সেজ-বৌ জ্বলিয়া উঠিলেন। রক্তমুখী হইয়া ক্রোধকম্পিতকণ্ঠে তর্জ্জন-গর্জ্জন-সহকারে বলিতে লাগিলেন—"যম, তুমি আমায় নাও—ওমা, আমি যাব কোথায়? ভগিনীপতির কাছে গিয়াছিলাম বলিয়া এত লাঞ্ছনা।"

কন্যার সে তর্জ্জন-গর্জ্জন ও নাকিস্থর মাতা শুনিতে পাইলেন। তিনি ক্রোধ কম্পিত দেহে তথায় আসিয়া উপস্থিত হইলেন। কন্যা বলিলেন—"আমি গলায় দড়ি দিব, আমি নাকি দে মহাশয়কে—আমার মরণ হোক্, এখনি হোক্।"

"বটে ! তবে রে ছোটলোকের ব্যাটা, আমার বুকে খাইতেছিস্, আবার আমারই মেয়ের কুৎসা করিবি ? তোর জন্য কি আমার জামাই বেয়াই বাড়ী আসিবে না ? না আমার ছেলেমেয়ে বাড়ী থাকিবে না ?"—শাশুড়ীর এইরূপ মধুর বাণী জামাতার উপর বর্ষিত হইতে লাগিল।

## দ্বাদশ পরিচ্ছেদ

এই বাক্য-সুধার লহর-লীলা সমস্ত বাড়ীখানিকে আলোড়িত করিয়া তুলিল। কি একটা বিষম কাণ্ড ঘটিয়াছে ভাবিয়া অনেকেই সেখানে আসিয়া উপস্থিত হইল এবং কর্ত্রীঠাকুরাণীর মুখে শুনিল যে, ক্ষিতীশ, তদীয় কন্যাকে রাইচরণের গৃহে একবারমাত্র যাইতে দেখিয়া যৎপরোনাস্তি কটূক্তি করিয়াছেন এবং প্রহার করিতে পর্য্যন্ত উদ্যত হইয়াছেন।

রাইচরণের, ক্ষিতীশের উপর পূর্ব্ব হইতেই ক্রোধ সঞ্চিত ছিল, এক্ষণে সময় পাইয়া তিনি বলিলেন—"ঘরজামাই, আর পোষা-কুকুর এরা অন্য লোক বাড়ীতে আসিতে দেখিলে জ্বলিয়া উঠে। তা, আমি আর থাকিতেছি না, কাল সকালে উঠিয়াই চলিয়া যাইব।"

শাশুড়ী বলিলেন—"ওমা, আমি যাব কোথা, এখন যদি ঘোষ বুড়োকে পাইতাম, তবে ঝাঁটা দিয়া ঝাঁটাইয়া দিতাম। সেই পোড়ামুখোই ত আমার সোণার প্রতিমাকে এমন হতভাগার হাতে দিয়াছিল। আমায় হাড়ে নাড়ে জ্বালাইয়া খাইল।"

হরিচরণ বলিলেন—"শোন ক্ষিতীশ, তুমি অন্য উপায় দেখ, এখানে আর তোমার থাকা হইবে না!"

ক্ষিতীশচন্দ্র এত কথার কোন উত্তর করেন নাই। এইবার বলিলেন—"তাহাই হইবে।"

"বেশ।"—এই কথা বলিয়া হরিচরণ চলিয়া গেলেন। রাইচরণও ক্ষিতীশের চরিত্রের উপর নানাবিধ দোষ জড়াইয়া আছে, এইরূপ মন্তব্য প্রচার করিতে করিতে তথা হইতে গমন করিলেন। ক্রমে ক্রমে সকলেই চলিয়া গেলেন। কেবল ক্ষিতীশচন্দ্র পরাভূত সৈনিকের ন্যায় একাকী সেই গৃহমধ্যে ভগ্নমনে বসিয়া রহিলেন।

তাঁহার হৃদয়ে তখন দাবানলের জ্বালা জ্বলিতেছিল। কাহার জন্য কি

# পঞ্চম খণ্ড

## প্রথম পরিচ্ছেদ

সন্ধ্যার পর ন-বৌ বড়-বৌএর কোলের কাছে বসিয়া কাঁদিতেছিল। কান্না নীরবে—নীরবে চক্ষুর জল পড়িয়া গণ্ড ভাসাইয়া দিতেছিল।

বড়-বৌ বলিলেন—সে কি লো, কাঁদিতেছিস কেন? আমি কয়েক দিনের মধ্যেই আবার ফিরিয়া আসিব। আমার জন্ত কান্না কেন!"

ন-বৌ করতলে চক্ষু রগড়াইয়া বলিল—"দিদি, জগতে আমার আর কেহ নাই, তোমার কাছে আছি, তুমিও চলিলে। শাশুড়ী বৃদ্ধা হইয়াছেন—লোকে বলে তিনি পাগল হইয়া পথে ছুটিয়া বাহির না হইয়া বাটী আছেন, সেই আমাদের ভাগ্য; মেজ-দিদি সাতেও না পাঁচেও না, এক তোমার আঁচল ধরিয়া ছিলাম, তুমি গেলে এ সংসারে আমি একা থাকিব কি প্রকারে?"

বড়-বৌ। আমার যে না গেলে নয় বোন্, যত শীঘ্র পারি, তিনি একটু আরোগ্য হইলেই চলিয়া আসিব।

ন-বৌ। না গেলে নয় কেন? তিনি তোমার কে? মাসীর শাশুড়ী—অত দূরসম্পর্কীয় লোকের ব্যারাম হইলে আবার কে তাঁহার শুশ্রূষা করিতে যায়?

বড়-বৌ। যে যায় না, সে অন্যায় কাজ করে। রমণীর সে ধর্ম্ম নয় বোন্;—এ কথা তোমাকে কতদিন বলিয়াছি। সম্বন্ধ সম্পর্ক বিচার না করিয়া রোগে শুশ্রূষা, দুঃখে দয়া, শোকে সান্ত্বনা—রমণী বুক পাতিয়া করিবে। যে ডাকিবে—যে শরণাগত হইবে, তাহারই উপকার করিতে হইবে।

করিতাম, তোমার পড়া সারা হইলে, তোমার চাকুরী হইলে, প্রবাসে আমি তোমার চিরসঙ্গিনী হইয়া থাকিব—নিয়ত নিকটে থাকিয়া চরণ সেবা করিব। এমন করিয়া পায়ে ঠেলিলে কেন? আমি তেমন লেখা-পড়া জানি না—আমি গাহিতে বাজাইতে জানি না—সত্য, কিন্তু তোমার চরণ সেবার কদাচ কোনরূপ ত্রুটি হইত না। সেবা-শুশ্রূষায় কি তোমার চিত্ত-বিনোদন হইতে পারিত না? যদি একান্তই তাহা ভাবিয়াছিলে, তবে লেখাপড়া গানবাজনা শিখাইয়া লইলে না কেন? তোমার তৃপ্ত্যর্থে আমি কি না করিতে পারি? কেন আমাকে পায়ে ঠেলিলে? তুমি যদি পায়ে ঠেলিলে, তবে তোমার পদে উৎসর্গীকৃত এ প্রাণ তোমার অবজ্ঞা অবহেলা সহিয়াও এ মরদেহে রহিয়াছে কেন?

একদিন সন্ধ্যার সময় ন-বৌকে একা পাইয়া রামসেবক বুঝাইয়া বলিল—"আমি অধার্ম্মিক নহি! আমি একজন পরমযোগী এবং ভক্ত। তুমি আমার সহায় হও—আমার সঙ্গে রাসলীলা কর, আমরা উভয়ে জীবন্তে ঠাকুর দেখিতে পাইব এবং অন্তে পুষ্পরথে চড়িয়া গোলোক-ধামে গমন করিব।"

ন-বৌ সকল কথা শুনিল না। শুনিতে পারিল না। সে কাঁদিতে কাঁদিতে ঊর্দ্ধশ্বাসে পলায়ন করিল। সেদিনকার কথাও সে যথাকালে শাশুড়ী ও মেজ-জাকে জানাইল, কিন্তু তাহাতেও কোন ফল হইল না। ক্রমে রামসেবকের সাহস বাড়িতে লাগিল।

## তৃতীয় পরিচ্ছেদ

প্রাগুক্ত ঘটনার পরে রামসেবক একদিন বড়ই বাড়াবাড়ি করিল। ন-বৌ যখন রাত্রে তাহাকে ভাত দিয়া ফিরিতেছিল, তখন তাহার অঞ্চল ধরিয়া টান দিল, এবং মুখে যাহা বলিল, তাহা শুনিয়া ন-বৌ অন্তরে মরিয়া গেল। গৃহমধ্যে গিয়া হাপুসনয়নে কাঁদিতে লাগিল।

রামসেবকের মাতা এই সময় তথায় আসিয়া উপস্থিত হইলেন। তাঁহাকে ন-বৌ আগেই ডাকিয়া আসিয়াছিল কিন্তু উঠিয়া আসিতে এতক্ষণ বিলম্ব হইয়া গিয়াছে। ন-বৌকে কাঁদিতে দেখিয়া জিজ্ঞাসা করিলেন—"কেন গো, কান্না কেন? আজ আবার কি হইয়াছে?"

ন-বৌ কিছু বলিতে যাইতেছিল, কিন্তু তাহার পূর্ব্বে রামসেবক বলিল —"আমার এ বাড়ীতে থাকা হইল না। আমি কি ওর মামাশ্বশুর, না ভাসুর? ভাতের থালাখানা দিবার শ্রী দেখ ত? যেন বেগার দেওয়া— ওইখানে দাঁড়াইয়া ধপ করাইয়া দেওয়া হইল। অমন করিয়া না দিলেই হয়। তাই বলিয়াছি বলিয়া বুঝি আবার কান্না হইতেছে!"

রামসেবকের মাতা জ্বলিয়া উঠিলেন। বলিলেন—"হ্যাঁগা ন-বৌ, ওকি দুটি ভাতের জন্য তোমাদের বাড়ী পড়িয়া আছে? ওর পিসী—আপন পিসী—বাপের বোন্ পিসী—তার ছেলে মারা গেল তাই তাকে সান্ত্বনা দিবার জন্য আছে, তুমি ওকে অমন বিষ-নয়নে দেখ কেন? তোমার খায়, না তোমার পরে? আর বাছা, অত সতীগিরী ফলান ভাল নয়।"

ন-বৌ আর কথা কহিল না। তাহার প্রাণ ফাটিয়া যাইতেছিল। পায়ের তলা হইতে পৃথিবী যেন সরিয়া যাইতেছিল। সে চক্ষুর জলে গণ্ড-স্থল ভাসাইতে ভাসাইতে মেজ-বৌএর গৃহে গমন করিল। সে জানিত, শাশুড়ীকে জানাইলে কোন ফল হইবে না।

মেজ-বৌ তখন গাঢ় নিদ্রিত। অতি করুণ কাতরস্বরে ন-বৌ ডাকিল—"মেজ-দিদি, একটু ওঠ ত—একটা কথা শোন!"

মেজ-বৌএর ঘুম ভাঙিল না। তখন ন-বৌ তাঁহার পদতলে হাত বুলাইয়া ডাকিল—"দিদি, একটা কথা শোন।"

মেজ-বৌ পার্শ্বপরিবর্ত্তন করিলেন। চক্ষু ঈষৎ উন্মীলন করিয়া জিজ্ঞাসা করিলেন—"কি লা, ডাকিতেছিস কেন?"

ন-বৌ কাঁদিতে কাঁদিতে সকল কথা বলিল। রামসেবক বলিয়াছিল

রাম। ঘটনাটা কি জানেন—আমি পাড়া হইতে অনেক রাত্রি হইলে বাড়ী ফিরি—প্রায়ই আমার চোখে পড়ে—

ঠিক সেই সময়ে রামসেবকের মাতা হাঁপাইতে হাঁপাইতে সেখানে আসিয়া উপস্থিত হইলেন। বিষ্ণু সরকার বড় দুঁদে লোক···পাছে তাঁহার সোণার বাছাকে কিছু বলে, এই ভয়ে আসিয়া তাহার নিকটে দণ্ডায়মান হইলেন।

বিষ্ণু। তোমার চোখে কি পড়ে?

রামসেবকের মা তাড়াতাড়ি বলিলেন—"ওগো, একা ওর কেন, আমিও কতদিন দেখিয়াছি গো—মনে হইলে এখনও গা শিহরিয়া উঠে।"

বিষ্ণু। কি দেখিতে রামসেবক?

রাম। একটা ছোঁড়া—বয়স বেশী নয়, এই আমাদেরই মত।

বিষ্ণু। তারপর?

রাম। আমি তাকে দু' একদিন তাড়াও করিয়াছি।

বিষ্ণু। সে যে ন-বৌএর জন্যই আসিত, তা বুঝিলে কেমন করিয়া?

রাম-মাতা। ওগো, আমি দু'দিন দু'জনকে একত্রে দাঁড়িয়ে কথা বলিতে শুনিয়াছি।

বিষ্ণু। সে কথা বাড়ীর আর কাউকে বলিয়াছিলে?

রামসেবক বলিল—"নিস্তারকে বলিয়াছি।"

বিষ্ণুচন্দ্র নিস্তারকে ডাকিলেন। নিস্তার আসিলে, সে কথা জিজ্ঞাসা করিলেন, নিস্তার স্পষ্ট বলিল—"না, আমাকে কেউ এমন কথা কোন দিন বলে নাই।"

রামসেবকের মাতা সপ্তমে গলা তুলিয়া বলিলেন—"তবে রে হারামজাদি, মিথ্যে কথা! ওর পিসীর খাইবি, আবার ওর সঙ্গে শত্রুতা! কেন আমার মুকাবেলায় যে তোকে ওকথা বলিয়াছিল।"

নিস্তারও ছাড়িবার পাত্রী নহে। সে নাকি স্বর উচ্চগ্রামে তুলিয়া

গরলে মধুর মূর্ত্তি দেখিয়া চমকিয়া উঠিলেন। বলিলেন—"এত সজ্জা কেন?"

যূথিকা। এক কথা শুনিয়াছ?

দানীশ। অনেক কথা ত বাহির হইতে শুনিয়া আসিলাম, এখন তোমার কথা তুমি না বলিলে অন্যত্র শুনিব কি প্রকারে?

যূথিকা। তোমার রসিকতা রাখ, ব্যাপার বড়ই গুরুতর।

দানীশ। কি?

যূথিকা। ত্রিতল হইতে আনীত সেই দ্রব্যটা বাহির করিয়া দেখাইল। দানীশ চমকিয়া উঠিয়া বলিলেন—"উহা এ বাড়ীতে আসিল কি প্রকারে?"

যূথিকা। তোমার ভ্রাতার কীর্ত্তি!

দানীশ। সর্ব্বনাশ! কেমন করিয়া কি করিল?

যূথিকা। আমি জানিতে পারিয়াছি—তাহারাও জানিয়াছে!

দানীশ। এখন কি করিতেছ?

যূথিকা। পুলিসে যাইবে—ধরাইয়া দিবে।

দানীশ। উপায়?—তুমিই যত আপদ টানিয়া আনিতে পার। আমি উহাকে জানি, সেই জন্য মজঃফরপুর হইতে তাড়াইয়া দিয়াছিলাম—তুমিই আবার টানিয়া আনিলে। এখন মান যায়—জাত যায়; যাহা হয় কর।

যূথিকা। তাহা করিতে হইবে বৈ কি! আমি এখনই মাড়োয়ারীর মায়ের কাছে যাইব, তুমি মাড়োয়ারীকে ক্ষমা প্রার্থনা করিয়া একখানা চিঠি লিখিয়া দাও এবং লিখিয়া দাও, পাঁচকড়িকে সত্বরেই বাড়ী হইতে তাড়াইয়া দিব। তাহা হইলে আমি সকল গোল মিটাইয়া আসিতে পারিব।

দানীশ কি চিন্তা করিলেন। তারপরে বলিলেন—"আমি আগেই লিখিয়া স্বীকার করিব?"

যূথিকা। তাহারা জানিতে পারিয়াছে—এখন পাঁচকড়ি ও হারছড়া, এই-দুই যদি সরাইয়া দেওয়া যায়, তাহা হইলেও তাহারা মোকদ্দমা

রামপ্রাণ। ভারি জ্বর—বুকে বেদনা।

দানীশ। কে দেখিতেছেন ?

রামপ্রাণ। ষষ্ঠি ডাক্তার।

দানীশ। তিনি রোগের নাম কিছু বলিয়াছেন ?

রামপ্রাণ। হঁা, আগে তিনি বলিয়াছিলেন, নিউমোনিয়া ; কিন্তু—কা'ল সন্ধ্যার সময় বলিলেন—আমি রোগ ঠিক ঠাওরাইতে পারিতেছি না—তাহাতেই আপনাকে চিঠি লিখিয়াছি।

দানীশ। রোগিণীর জ্ঞান আছে ?

রামপ্রাণ। জ্বরের সময় থাকে না—কমের সময় ডাকিলে সাড়া মিলে।

রোগিণী-সম্বন্ধে এই সকল লক্ষণবাদ জিজ্ঞাসা করিতে করিতে, তাঁহারা বাড়ীর মধ্যে গমন করিলেন এবং যে সুপরিস্কৃত কক্ষমধ্যে রোগিণী শায়িতা ছিল, তথায় গমন করিলেন।

রোগিণীর নিকট রামপ্রাণবাবুর স্ত্রী স্বয়ং উপস্থিত ছিলেন ; তদ্ভিন্ন অপরাপর তিন চারিজন স্ত্রীলোকও ছিল। রকে উঠিয়া রামপ্রাণবাবু বলিলেন—"তোমরা একটু সরিয়া যাও, ডাক্তারবাবু ঘরে যাইবেন।"

রামপ্রাণবাবুর স্ত্রী ও আর সকলে উঠিয়া অপর একটি কক্ষের দরজার পার্শ্বে গিয়া, ডাক্তারের পরীক্ষার ফল অবগত হইবার জন্য উদ্‌গ্রীব হইয়া রহিলেন।

রোগিণীর সর্ব্বাঙ্গ শুভ্র বস্ত্রে আচ্ছাদিত ছিল—গৃহমধ্যে কাচাধারে উজ্জ্বল আলোক জ্বলিতেছিল—রামপ্রাণবাবু ডাকিলেন—"মা, এখন কি জ্ঞান হইয়াছে ?"

কেহ কথা কহিল না। যে কক্ষে স্ত্রীলোকেরা ছিলেন, সেইদিকে দৃষ্টি-পাত করিয়া রামপ্রাণবাবু বলিলেন—"আজ এখনও জ্ঞান হয়নাই না কি ?"

রামপ্রাণবাবুর স্ত্রী, অপর জনৈক স্ত্রীলোককে অবলম্বন করিয়া মৃদুস্বরে

মাতা। কি বাবা ?

রাম। বদ্দিনাথপুরে মিত্তীরদের একটা মেয়ে আছে, পরীর বাচ্চার মত সুন্দরী। মেয়েটার বাবা, কোথাকার হাকিম, আমার সঙ্গে সেই মেয়েটার বিয়ে দিবার জন্য নাছোড়বান্দা হইয়া লাগিয়াছে।

মাতা। এর চেয়ে আনন্দের কথা আর কি আছে বাবা! কিন্তু গহনা-গাঁটী খরচপত্র কোথায় পাইব ?

রাম। আচ্ছা মা,—সে কি আর আমাদের দিতে হইবে! মেয়ের সর্ব্বাঙ্গে সোনা আর হাজার টাকা নগদ লইয়া তবে সে কাজ করিব।

মাতা। ভগবান্ তাঁদের সুমতি দিন—গোমর করিয়া বলিতে পারি, এমন বংশ আর এমন জামাই, গঙ্গার এপারে আর কেউ পাইবে না।

ঠিক এই সময়ে গ্রামের চৌকিদার হরাবুনো তাহার পোষাক পরিয়া, পাগ্ড়ি আঁটিয়া, প্রকাণ্ড লাঠি হাতে করিয়া বাড়ীর মধ্যে আসিয়া বলিল—"কর মওশয়, বাবুবাড়ী আসুন,—দারোগাবাবু আপনাকে ডাকচেন।"

দারোগার নাম শুনিয়া রামসেবকের হৃৎপিণ্ডটা কাঁপিয়া উঠিল। রামসেবক দাবা হইতে নামিয়া যখন চৌকিদারের নিকট পর্য্যন্ত গমন করিয়াছে, তখন মাতা গৃহ হইতে তাড়াতাড়ি বাহির হইয়া বলিলেন—"রাম, জামাটা গায়ে দিয়ে যা। আয়না চিরুণী বার করিয়া দেই, চুলটা একটু আঁচড়াইয়া যা—তোর চুলের মত আর চুল দেখি নাই!"

হরাবুনো হাসিয়া বলিল—"কেন মা-ঠাকরুণ, চুল আঁচ্ড়ে কি হবে ?"

রামসেবকের মাতা বলিলেন—"আমার আইবুড়ো ছেলে, নামডাকও হইয়াছে—তার উপরে যখন হাকিম হুকুমের নজর পড়িয়াছে!—"

"দারোগাবাবু বিয়ে দিতেই এসেছে।" চৌকিদার এই কথা বলিয়া হাসিল। রামসেবকের মা বলিলেন—"তবে ফিরিয়া আয়, যদিও তোর রূপের তুলনা নাই, তবু একটু যুত করিয়া যা!"

বলিতেছি—মা ত আর ফাঁসি যেতে যাইবেন না, ফাঁসি যেতে আমিই যাইব; মার কথায় আমি কি আর মিথ্যে বলিব? বিশেষ আমার গলায় ত্রিকণ্ঠি মালা।”

দারোগা। বল্;—সত্য বল্, ন-বউ কোথায় গেল?

রাম। সত্য বলিতেছি হুজুর, সে যে কোথায় গেল, তার খোঁজ আমি পাই নাই। লোক দ্বারায় খুঁজিয়াছিলাম—সন্ধান পাই নাই।

দারোগা। এক বর্ণও মিথ্যা বলিও না—তাহা হইলে নিশ্চয়ই তোমাকে ছাড়িয়া দিব। আচ্ছা, বল ত, গেল কেন?

রাম। আমি তামাসা করিয়া একটা কথা বলিয়াছিলাম বলিয়া।

দারোগা পুনরায় রামসেবককে জিজ্ঞাসা করিলেন—“তামাসা করিয়া তাঁকে কি বলিয়াছিলে?”

রাম। আমার সঙ্গে কথা-টথা কহিতেন না, তাই কথা কহাবার জন্য আমি মধ্যে মধ্যে জিদ্ করিতাম।

দারোগা। তাতে তিনি কি করিতেন?

রাম। আমার পিসীর সাক্ষাতে সব বলিয়া দিতেন। কোন দিন পিসী আমাকে সামান্য কিছু বলিতেন—কোনদিন কিছু বলিতেন না। তাতে ন-বৌ প্রায়ই কাঁদিতেন।

দারোগা। তারপর?

রাম। সেদিন কিছু বেশী কান্না-কাটি করায় আমি বলিয়াছিলাম তোমার সতীগিরি আমি বার করিয়া দিব,—একদিন রাত্তিরে জনকয়েক চাষা ডাকিয়া আনিব, তারপর তোমাকে একদিকে নিয়াই যাইব, কেহ রাখিতে পারিবে না। সে বেটী এমনি বোকা আমার ঐ ফাঁকা কথাতেই ভয় পাইয়া সেদিন রাত্তিরেই পলাইয়া গিয়াছে।

দারোগাবাবু, বিষ্ণু সরকারের মুখের দিকে চাহিলেন। বিষ্ণু সরকার ক্রোধ কর্কশ-স্বরে বলিলেন—“শোন রামসেবক, তুমি এতদিন গ্রামের মধ্যে কি কথা বলিয়া বেড়াইয়াছ, মনে আছে কি?”

রামপ্রাণবাবু সংসারে থাকিয়া গলিতকেশ হইয়াছেন; সুতরাং দানীশের মনোভাব বুঝিতে তাঁহার বাকি রহিল না। আহারাদির পরে দানীশকে বলিলেন—"বাবাজী, এখন একটা কাজ করিতে হইবে।"

দানীশ। কি?

রামপ্রাণ। স্বামী-স্ত্রীর সম্বন্ধ অতি পবিত্র। এখানে বিশ্বাস অতিশয় দৃঢ় থাকা চাই—অবিশ্বাসের বা সন্দেহের লেশমাত্র থাকিলেও একান্ত অসুখের কারণ হয়। অতএব আমি একটা প্রস্তাব করিতেছি।

দানীশ। আজ্ঞা করুন।

রামপ্রাণ। শান্তির চরিত্র পবিত্র, সে তাহার অমূল্য নারী-ধর্ম্ম রক্ষার জন্য জীবন পর্য্যন্ত বিসর্জ্জন দিতে উদ্যত হইয়াছিল। তথাপি তোমার মনে সন্দেহ হইতে পারে, সেই সন্দেহের পরিণাম মনঃকষ্ট—অশান্তি।

দানীশ। আপনি জ্ঞানী, আপনার অনুমান অসত্য হইতে পারে না।

রামপ্রাণ। এখন তোমাদের হিতৈষিগণের কর্ত্তব্য—তোমাকে শান্তির পবিত্র চরিত্রের প্রমাণ দেওয়া। তজ্জন্য আমি তোমাকে লইয়া অদ্যই গঙ্গারামপুরে যাইতে চাহিতেছি।

দানীশ। সেখানে গেলে কি হইবে?

রামপ্রাণ। শান্তি তাহার মাসীর নিকট যাহা যাহা বলিয়াছে, তাহা সমস্ত সত্য কি না, আমাদিগকে তাহার অনুসন্ধান লইতে হইবে।

দানীশ। আপনি পরমাত্মীয়, উভয়েরই হিতৈষী। এস্থলে আপনি যাহা যুক্তিযুক্ত বলিয়া বিবেচনা করিবেন, তাহাই করুন। বলা বাহুল্য, ভ্রাতৃশোকের বিষম আগুনে আমার অন্তর নিরন্তর জ্বলিয়া যাইতেছে। অধিকন্তু, এ জ্বালাও নিতান্ত সামান্য বা উপেক্ষণীয় নহে, সুতরাং আমার মাথার বড় স্থিরতা নাই।

নদীতে রামপ্রাণবাবুর নৌকা সজ্জিত ছিল—আজ্ঞামাত্র ভৃত্যগণ আবশ্যকীয় দ্রব্যাদি তুলিয়া দিয়া আসিল। পরে নিমুর অঙ্গরাখা গায়ে

দানীশ। সেজদাদা, আপনি কি উড়িষ্যার দিকে গিয়াছিলেন ?

ক্ষিতীশ। কেবল উড়িষ্যা কেন, ভারতের অনেক স্থানেই ঘুরিয়াছি।

দানীশ। উড়িষ্যার কোন পল্লীর মাঠে কোন সাহেব সাইকেল হইতে পড়িয়া গিয়াছিল, আপনি জানেন।

ক্ষিতীশ। জানি—আমিই তাঁহাকে তুলি। তারপর দুজনে সে রাত্রে এক পল্লীতে গিয়া থাকি। সকালে পুরীতে পাঠাইয়া দিই।

দানীশ। সে সাহেব হঠাৎ মারা পড়িয়াছেন।

ক্ষিতীশ। আহা, তিনি বড় ভদ্রলোক ! মারা পড়িয়াছেন—আমারই অদৃষ্ট-দোষ ! তিনি আমার দরিদ্র অবস্থার কথা শুনিয়া কলিকাতায় আসিয়া সাক্ষাৎ করিতে বলিয়াছিলেন। বোধ হয় একটা চাকরীর যোগাড় করিয়া দিতেন ! কিন্তু আমি ভাবিলাম, কিছুদিন তীর্থ-দর্শন করিয়া মনে কিঞ্চিৎ শান্তি পাইলে, তারপরে কলিকাতায় গিয়া তাঁহার সহিত সাক্ষাৎ করিব। কলিকাতায় আসিয়াই তোর বাসার সন্ধান পাইয়াছি, সাহেবের নিকট "যাব যাচ্চি" করিয়া আর যাওয়া ঘটে নাই। এখন বুঝিলাম, সে আশাও শেষ হইয়াছে। কিন্তু দানীশ, তুই কি করিয়া উড়িষ্যার সংবাদ সব জানিতে পারিলি ? সাহেবের সঙ্গে বুঝি তোর আলাপ ছিল ? সাহেব বুঝি তোর কাছে কথায় কথায় আমার নাম করায় বুঝিতে পারিয়াছিলি ?"

দানীশ। আজ্ঞে না। তিনি মৃত্যুকালে কুড়িহাজার টাকা আপনার নামে উইল করিয়া গিয়াছেন ; এইমাত্র আমরা তাহা কাগজে পড়িতে'ছলাম। তাহাতেই আপনার নাম ও উড়িষ্যার ঘটনা লেখা আছে।

ক্ষিতীশ। ধন্য হৃদয় ! এই সামান্য দরিদ্রের কথা—সেই সামান্য উপকারের কথা মৃত্যুকালেও তাঁহার স্মরণ ছিল ! এমন না হইলে এ জাতি কখন জগতের মধ্যে এত উচ্চ উন্নত—এত সম্মানিত হয় ?

দানীশ। আপনি আসুন—মেজদাদা, বিষ্ণু খুড়া সবাই বৈঠকখানায়

গাড়ী হইতে নামিয়া বহুবাজারে গমন করিলেন। তাঁর ডাক্তারখানার দরজা খোলা হইতেছিল তখন।

ভৃত্য সেলাম করিল। একজন কম্পাউণ্ডার অভিবাদন করিয়া সম্মুখে দাঁড়াইল। দানীশ তাহাকে তাঁহার অনুপস্থিতে ঔষধালয়ের অবস্থার কথা জিজ্ঞাসা করিলেন। সে বলিল—"আপনি আসিলেন না, দুই-তিন খানা পত্র লিখিয়াও উত্তর পাইলাম না, তখন অন্যান্য কর্ম্মচারিদিগকে বিদায় দিয়া কেবল ঐ ভৃত্যটিকে রাখিয়া আমি একরূপ করিয়া ঔষধালয়টি চালাইয়া আসিতেছি। আমাদের খরচা ও বেতন বাদে টাকা আষ্টেক লাভ হইয়াছে। আপনি বোধ হয় শুনিয়া থাকিবেন, যূথিকা-বিবি সেই সময়েই তাঁহার দ্রব্যাদি লইয়া গিয়াছেন।"

দানীশ ঔষধালয়ে সন্ধান করিয়া দেখিলেন, যে সকল ঔষধ ও যে সকল অস্ত্র-শস্ত্র আছে, তদ্দ্বারা তাঁহাদের মিলন-মন্দিরের চিকিৎসালয়ের কার্য্য চলিতে পারিবে। তিনি সেই কম্পাউণ্ডারকে ও ভৃত্যকে ঔষধগুলির সহিত বাড়ী লইয়া যাইতে চাহিলেন, তাহারা স্বীকৃত হইল এবং আদিষ্ট হইয়া ঔষধাদি প্যাক করিয়া ষ্টেশনে পাঠাইবার উদ্যোগ করিতে লাগিল। এই সকল বন্দোবস্ত স্থির করিয়া দিয়া, একখানি গাড়ী করিয়া দানীশ-চন্দ্র গঙ্গাস্নান করিতে গমন করিলেন। স্নানান্তে যখন গাড়ীতে উঠিবেন, সেই সময়ে দেখিলেন, নিকটস্থ বাঁধাঘাটের একপার্শ্বে এক উন্মাদিনী বসিয়া আছে, অনেকগুলি বালকবালিকা তাহার চতুঃপার্শ্বে ঘিরিয়া দাঁড়াইয়া তাহাকে বিরক্ত করিতেছে। দানীশ তাহাকে দেখিবামাত্রই চিনিতে পারিলেন। সে—যূথিকা। যূথিকা উন্মাদিনী। তাহার চক্ষু কোটরপ্রবিষ্ট এবং অনলবর্ষী। সেই সুবর্ণ সদৃশ বর্ণ এখন বিমলিন হইয়া গিয়াছে। যূথিকার বাহ্যজ্ঞান আদৌ ছিল না। সে আপন মনে কত কথা বলিতেছিল। কখনও হাসিতেছিল, কখনও কাঁদিতেছিল, কখনও বা নিস্তব্ধ থাকিতেছিল। দানীশ কিয়ৎক্ষণ দাঁড়াইয়া থাকিলেন। সে বসিয়া

